



কর্মসংস্থান ব্যাংক

(রাষ্ট্র মালিকানাধীন একটি আর্থিক প্রতিষ্ঠান)

ঋণ ও অগ্রিম বিভাগ

E-mail : lad@kb.gov.bd

বেকার যুবদের বিশ্বস্ত বন্ধু।

সূত্র নম্বর : ৫৩.১৭.০০০০.০৯০.০৫.০০৬.২০.২০০৭

তারিখ : ২৪মার্চ ২০২০

বিভাগীয় প্রধান
আইটি/ ঋণ ও অগ্রিম বিভাগ
আঞ্চলিক ব্যবস্থাপক(সকল)
শাখা ব্যবস্থাপক(সকল)
কর্মসংস্থান ব্যাংক।

বিষয় : বঙ্গবন্ধু যুব ঋণ কর্মসূচীর আওতায় বিতরণকৃত ঋণের মাসিক বিবরণী।

পূর্ব সূত্র নম্বর : ৫৩.১৭.০০০০.০৯০.০৫.০০৬.২০.১১৭০, তারিখ ১০ মার্চ ২০২০

মহোদয়,

উপরোক্ত পূর্বপত্র সূত্রের প্রতি সকলের দৃষ্টি আকর্ষণ করা হলো।

০২। উক্ত পত্রের মাধ্যমে বঙ্গবন্ধু যুব ঋণ কর্মসূচীর আওতায় বিতরণকৃত ঋণের মাসিক বিবরণী ই-মেইলযোগে এ বিভাগে প্রেরণের নির্দেশ প্রদান করা হয়েছে। যেখানে প্রত্যেক শাখাকে মাসিক ভিত্তিতে ছক-‘ক’ ও ছক-‘খ’ মোতাবেক বিবরণী মাসের শেষ কর্মদিবসে ই-মেইলযোগে স্ব স্ব আঞ্চলিক কার্যালয়ে প্রেরণের এবং ছক-‘ক’ অনুযায়ী প্রত্যেক আঞ্চলিক কার্যালয়কে বিতরণকৃত ঋণের শাখাভিত্তিক তথ্য স্ব স্ব কার্যালয়ে সংরক্ষণের নির্দেশ প্রদান করা হয়।

০৩। ব্যাংকের জরুরী প্রয়োজনে প্রত্যেক আঞ্চলিক কার্যালয়কে ছক-‘ক’ অনুযায়ী শাখাভিত্তিক তথ্য একীভূতকরে পরবর্তী মাসের ০৩ কর্মদিবসের মধ্যে ঋণ ও অগ্রিম বিভাগে (lad@kb.gov.bd) প্রেরণের নির্দেশ প্রদান করা হলো। এছাড়া ছক-ক এ ‘মন্তব্য’ শিরোনামে নতুন একটি কলাম সংযোজন করতে হবে এবং উক্ত কলামে ‘ইতোপূর্বে ঋণ গ্রহণ করেন নাই’—এ মর্মে প্রত্যয়ন করতে হবে।

০৪। ঋণ ও অগ্রিম বিভাগ তথ্য প্রাপ্তির পরবর্তী ০৩ কর্মদিবসের মধ্যে সকল তথ্য একীভূত করে উপ-মহাব্যবস্থাপক, আইটি বরাবর প্রেরণ নিশ্চিত করবে।


০৫। আইটি বিভাগ অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, ব্যবস্থাপনা পরিচালক এবং উপব্যবস্থাপনা পরিচালক, মহাব্যবস্থাপকগণসহ ঋণ ও অগ্রিম বিভাগকে তথ্য দেখার জন্য লিংকেজ প্রদান করবে।

০৬। এছাড়া ছক-খ মোতাবেক তথ্য প্রেরণের বিষয়ে পূর্ববর্তী নির্দেশনা যথারীতি বহাল থাকবে।

০৭। বিষয়টি অতীব জরুরী।

অনুমোদনক্রমে-

আপনাদের বিশ্বস্ত


২৪/৩/২০২০
(মেহের সুলতানা)

মহাব্যবস্থাপক
(পরিচালন ও হিসাব)

☎: ০২-৯৫৭৭০০৮৯

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি (ওয়েবসাইট হতে সংগ্রহের অনুরোধসহ) :

- ০১। স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা ;
- ০২। স্টাফ অফিসার, উপব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের দপ্তর, কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা ;
- ০৩। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক (প্রশাসন ও নিরীক্ষা), কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা ;
- ০৪। উপমহাব্যবস্থাপক, কর্মসংস্থান ব্যাংক, আইটি বিভাগ, প্রধান কার্যালয়, ঢাকা। তাঁকে পত্রটি ব্যাংকের ওয়েবসাইটে প্রদর্শন করার জন্য অনুরোধ করা হলো ;
- ০৫। সকল উপমহাব্যবস্থাপক সহকারী মহাব্যবস্থাপক (বিভাগীয় কার্যালয়ের দায়িত্বে)
- ০৬। অফিস নথি।